ইমাম মাহদীর আগমন নিয়ে একটি সংশয় ও তার জবাব

অনেকে মনে করে থাকেন যে, বর্তমানে মুসলমানের সংখ্যা অনেক বেশি। দিন দিন মুসলমান বাড়ছে, নামাজি, দাড়িওয়ালা, টুপিওয়ালা লোক বাড়ছে। তাই ইমাম মাহদির আগমন এখনো অনেক সময় বাকি। যারা বলেন ইমাম মাহদির আগমন নিকটে তারা ভুলের মধ্যে আছেন। তাদের সংশয়টা একটা হাদিস থেকে সৃষ্টি হয়। রাসূল সাঃ বলেছেনঃ দুনিয়াতে যতদিন আল্লাহ আল্লাহ বলনেওয়ালা লোক থাকবে ততদিন কিয়ামত হবে না। অর্থাৎ দুনিয়াতে ইমানদার বান্দা থাকা অবস্থায় কিয়ামত হবে না। এই হাদিস থেকেই অনেকে বলে থাকেন। দুনিয়াতে এখনো অনেক ইমানদার লোক আছেন। দিন দিন ইমানদার লোক বাড়তেছে। তাই এখনো কিয়ামতের অনেক বাকি। আর যেহেতু কিয়ামতের অনেক বাকি তাই ইমাম মাহদির আসাও অনেক পরে হবে। কারন ইমাম মাহদির আগমন কিয়ামতের বড় আলামত।

সমাধানঃ এই হাদিস ইমাম মাহদির আগমনের সাথে কোন রকম সম্পর্ক নেই। কারন এই হাদিস হল সিংগা ফু এর হাদিস। এই হাদিসের মর্ম হল সিংগায় ফু দেওয়া হবে না যতদিন দুনিয়াতে ইমানদার বাকী থাকবে। আল্লাহ তায়ালা সিংগা ফু দেওয়ার আগে সকল ইমানদার বান্দাদেরকে উঠিয়ে নিবেন একটা বাতাসের মাধ্যমে। তারপর আর ইমানদার বাকী থাকবে না। তখন সিংগায় ফু দেওয়া হবে। আর এই হাদিসে এটাই বলা হয়েছে। মুসলমান কিংবা নামাজি ব্যাক্তি বৃদ্ধিতে ইমাম মাহদির আগমন পিছাবে না। বরং ইমাম মাহদির আগমন নিকটে। উনি আসবেন ইসলামের দুশমনদের শেষ করে দিয়ে ইসলামি খিলাফত কায়েম করার জন্য। অতঃএব এই হাদিস ইমাম মাহদির আগমনের মধ্যে কোন রকম সংশয় হবে না। এই হাদিস সিংগা ফু এর হাদিস, তাই এর সাথে ইমাম মাহদির আগমনের কোন সম্পর্ক নেই।

তাহরীদ মিডিয়া

https://telegram.me/tahridbd